

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২১৯৭

৭/ তালাক (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১০. তিন তালাকের পর স্ত্রীকে পুনঃগ্রহণ প্রসঙ্গ

بَابُ نَسْخِ الْمُرَاجَعَةِ بَعْدَ التَّطْلِيقَاتِ الثَّلَاثِ

আরবী

حَدَّثَنَا حُمَيْدُ بْنُ مَسْعَدَةً، حَدَّثَنَا إِسْمَاعِيلُ، أَخْبَرَنَا أَيُّوبُ، عَنْ عَبْدِ اللَّهِ بْن كَثِيرٍ، عَنْ مُجَاهِدِ قَالَ: كُنْتُ عِنْدَ ابْنِ عَبَّاسِ فَجَاءَهُ رَجُلٌ، فَقَالَ: إِنَّهُ طَلَّقَ امْرَأَتَهُ ثَلَاثًا، قَالَ: فَسَكَتَ حَتَّى ظَنَنْتُ أَنَّهُ رَادُّهَا إِلَيْهِ، ثُمَّ قَالَ: " يَنْطَلِقُ أَحَدُكُمْ، فَيَرْكَبُ الْحُمُوقَةَ ثُمَّ يَقُولُ يَا ابْنَ عَبَّاسٍ، يَا ابْنَ عَبَّاسٍ، وَإِنَّ اللَّهَ قَالَ: (وَمَنْ يَتَّق اللَّهَ يَجْعَلْ لَهُ مَخْرَجًا) [الطلاق: ٢]، وَإِنَّكَ لَمْ تَتَّق اللَّهَ فَلَمْ أَجِدْ لَكَ مَخْرَجًا، عَصينت رَبَّكَ، وَبَانَتْ مِنْكَ امْرَأَتُكَ، وَإِنَّ اللَّهَ قَالَ: (يَا أَيُّهَا النَّبِيُّ إِذَا طَلَّقْتُمُ النِّسَاءَ فَطَلِّقُوهُنَّ) [الطلاق: ١] فِي قُبُلِ عِدَّتِهِنَّ ". قَالَ أَبُو دَاوُدَ: رَوَى هَذَا الْحَدِيثَ حُمَيْدٌ الْأَعْرَجُ، وَغَيْرُهُ عَنْ مُجَاهِدِ، عَنْ ابْن عَبَّاسِ، وَرَوَاهُ شُعْبَةُ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرِ، عَنْ ابْنِ عَبَّاسِ، وَأَيُّوبُ، وَابْنُ جُرَيْج، جَمِيعًا عَنْ عِكْرِمَةَ بْنِ خَالِدٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنْ ابْنِ عَبَّاسٍ، وَابْنُ جُرَيْج، عَنْ عَبْدِ الْحَمِيدِ بْنِ رَافِع، عَنْ عَطَاءٍ، عَنْ ابْنِ عَبَّاسِ، وَرَوَاهُ الْأَعْمَشُ، عَنْ مَالِكِ بْنِ الْحَارِثِ، عَنْ ابْنِ عَبَّاسٍ، وَابْنُ جُرَيْجٍ، عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، عَنْ ابْنِ عَبَّاسِ كُلُّهُمْ قَالُوا: فِي الطَّلَاقِ التَّلَاث أُنَّهُ أَجَازَهَا، قَالَ: وَبَانَتْ مِنْكَ نَحْوَ حَدِيثِ إِسْمَاعِيلَ، عَنْ أَيُّوبَ، عَنْ عَبْدِ اللَّهِ بْن كَثِيرِ قَالَ أَبُو دَاوُدَ: وَرَوَى حَمَّادُ بْنُ زَيْدِ، عَنْ أَيُّوبَ، عَنْ عِكْرِمَةَ، عَنْ ابْن عَبَّاسِ، إِذَا قَالَ: أَنْتِ طَالِقٌ ثَلَاتًا بِفَم وَاحِدٍ فَهِيَ وَاحِدَةٌ، وَرَوَاهُ إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، عَنْ أَيُّوبَ، عَنْ عِكْرِمَةَ، هَذَا قَوْلُهُ لَمْ يَذْكُرْ ابْنَ عَبَّاس، وَجَعَلَهُ قَوْلَ عِكْرِمَةَ

صحيح



২১৯৭। মুজাহিদ (রহ.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি ইবনু 'আব্বাস (রাযি.)-এর কাছে অবস্থান করছিলাম এমন সময় এক ব্যক্তি এসে বললো যে, সে তার স্ত্রীকে তিন তালাক দিয়েছে। বর্ণনাকারী বলেন, তিনি এ কথা শুনে চুপ রইলেন। তখন আমার মনে হলো, সম্ভবতঃ তিনি মহিলাটিকে পুনরায় গ্রহণের নির্দেশ দিবেন। অতঃপর তিনি বললেন, তোমাদের কেউ আহম্মকের মতো কাজ করে এবং এসে বলে, হে ইবনু 'আব্বাস! হে ইবনু 'আব্বাস! অথচ আল্লাহ বলেছেনঃ যে ব্যক্তি আল্লাহকে ভয় করে, তিনি তার জন্য একটা সমাধানের পথ দেখিয়ে দিবেন' (সূরা আত-তালাকঃ ২) আর তুমি তো (তালাকের বিষয়ে) আল্লাহকে ভয় করোনি। সুতরাং আমি তোমার জন্য কোনো পথ দেখছি না। তুমি তোমার প্রতিপালকের নাফরমানী করেছো এবং স্ত্রীকেও হারিয়েছো। মহান আল্লাহ তো বলেছেনঃ "হে নবী! যখন তোমরা তোমাদের স্ত্রীদের তালাক দিবে তখন তাদের ইদ্যাতকালের প্রতি লক্ষ্য রেখে তালাক দিবে।"

ইমাম আবৃ দাউদ (রহ.) বলেন, এ হাদীসটি হুমাইদ, আ'রাজ ও অন্যরা মুজাহিদ থেকে ইবনু 'আব্বাস সূত্রে বর্ণনা করেছেন। এছাড়াও শু'বাহ, আইয়ূব, ইবনু জুরাইজ আ'মাশ প্রমুখ বর্ণনাকারীগণ সকলেই ইবনু 'আব্বাস সূত্রে হাদীস বর্ণনা করে বলেছেন যে, ইবনু ''আব্বাস (রাযি.) একে তিন তালাক হিসেবে গণ্য করেছেন। তাই তিনি বলেছেন, 'তুমি তোমার স্ত্রীকে হারালে।' ইমাম আবৃ দাউদ (রহ.) বলেন, হাম্মাদ ইবনু যায়িদ আইয়ূব থেকে ইকরিমার মাধ্যমে ইবনু ''আব্বাস (রাযি.) সূত্রে বর্ণনা করেছেনঃ ''যদি কোনো ব্যক্তি তার স্ত্রীকে একত্রে তিন তালাক দেয়, তা এক তালাক গণ্য হবে।'' ইসমাঈল ইবনু ইবরাহীম (রহ.) আইউব থেকে ইকরিমাহ (রহ.) সূত্রে বর্ণনা করেন, উক্ত কথাটি ইবনু আব্বাসের নয়, বরং ইকরিমাহর কথা। তিনি ইবনু 'আব্বাস (রাযি.)-এর উল্লেখ করেননি এবং একে ইকরিমাহ (রহ.)-এর অভিমত গণ্য করেছেন।[1]

সহীহ।

English

Mujahid said "I was with Ibn 'Abbas". A man came to him and said that he divorced his wife by three pronouncements. I kept silence and thought that he was going to restore het to him. He then said "A man goes and commits a foolish act and then says "O, Ibn 'Abbas! Alaah has said "And for those who fear Allaah, He (ever) prepares a way out." Since you did not keep duty to Allaah I do not find a way out for you. You disobeyed your Lord and your wife was separated from you. Allaah has said "O Prophet! When you divorce women divorce them in the beginning of their waiting period."

Abu Dawud said "This tradition has been transmitted by Humaid Al A'raj and by others from Mujahid on the authority of Ibn 'Abbas. Shu'bjh narrated it from 'Amr bin Murrah from Sa'id bin Jubair on the authority of Ibn 'Abbas. Ayyub and Ibn 'Jubair both narrated it from "'Ikrimah bin Khalid from Sa'id bin Jubair on the authority of Ibn 'Abbas. Ibn Juraij narrated it from 'Abd Al



Hamid bin Rafi' from 'Ata from Ibn 'Abbas. Al A'mash narrated it from Malik bin Al Harith on the authority of Ibn 'Abbas. They all said about the divorce by three pronouncements. He allowed it and said" (Your wife) has been separated from you similar to the tradition narrated by Isma'il from Ayub from 'Abd Allaah bin Kathir."

Abu Dawud said "Hammad bin Zaid narrated it from Ayyub from 'Ikrimah on the authority of Ibn 'Abbas. This version adds If he said "You are divorced three times saying in one pronouncement, it constitutes a single (divorce). Isma'il bin Ibrahim narrated it from Ayyub from 'Ikrimah. This is his ('Ikrimah's) statement. He did not mention the name of Ibn 'Abbas. He narrated it as a statement of 'Ikrimah."

ফুটনোট

[1]. বায়হাক্<u>নী</u>।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মুজাহিদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন